

U.G. 5th Semester Examination - 2021**BENGALI****Course Code: BBNGDSHT2 [DSE2]****Course Title: বাংলা সাহিত্যের ইতিহাসে সমাজ, ধর্ম ও সংস্কৃতি**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$
- ক) 'তত্ত্ববোধিনী' পত্রিকা কত খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়?
- খ) প্রসন্নকুমার ঠাকুর কর্তৃক অভিনীত 'উত্তর রামচরিত'-এর অনুবাদক কে ছিলেন?
- গ) 'ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়' গ্রন্থটি কে রচনা করেন?
- ঘ) 'রঙ্গপুর বার্তাবহ' কত খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়?
- ঙ) 'সংবাদ প্রভাকর' পত্রিকা প্রথম কবে প্রকাশিত হয়?
- চ) খ্রিষ্টীয় সপ্তম শতকের প্রথম পাদে কোন্ চৈনিক পরিব্রাজক বাংলাদেশে এসেছিলেন?
- ছ) বাংলার পরিধেয় 'ফুলতোলা কাপড়' কী নামে অধিক পরিচিত?
- জ) বাংলার নবীন শিল্প পদ্ধতির দুজন অষ্টার নাম লেখো।

- ঝ) মধ্যযুগ ও আধুনিক যুগের অন্তর্বর্তী ত্রাণ্তিকাল বলতে আনিসুজ্জামান কোন্ সময়ে বুঝিয়েছেন?
- ঞ) হরিশচন্দ্র মুখোপাধ্যায় সম্পাদিত পত্রিকাটির নাম লেখো।
- ট) 'মধুমালতী' কাব্যের রচয়িতা কে?
- ঠ) 'গুলে বকাওলী' গ্রন্থের রচয়িতার নাম লেখো।
- ড) শূন্যপুরাণে কয়টি অধ্যায় আছে?
- ঢ) 'বাউল' শব্দটি কোন্ শব্দ থেকে এসেছে?
- ণ) 'মাণিকচাঁদের গীত' শীর্ষক পল্লীগাথা কে প্রকাশ করেন?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- ক) 'ঠাকুরদাদার বুলি'তে ক'য়টি রূপকথার গল্প আছে? এই সংকলনের যে কোনো দুটি রূপকথার নাম লেখো।
- খ) 'বঙ্গসমাজের পক্ষে মাহেন্দ্রক্ষণ' বলতে শিবনাথ শাস্ত্রী কোন্ সময়কালকে নির্দেশ করেছেন?
- গ) 'ভক্তমাল' এবং 'পদুমাবৎ' বই দুটির রচয়িতা কারা?
- ঘ) 'বাঙ্গালাসাহিত্য' বলতে সুনীতিকুমার চট্টোপাধ্যায় তাঁর প্রবন্ধে কী বুঝিয়েছেন?
- ঙ) গোলাম হোসেন রচিত গদ্য-পদ্য মিশ্রিত পুস্তকটির নাম প্রকাশকালসহ লেখো।
- চ) বাঙালি মুসলমান কর্তৃক প্রকাশিত দুটি সাময়িক পত্রের নাম লেখো।
- ছ) 'সন্তলীলামৃত' ও 'গোপীচাঁদ নাটক' গ্রন্থ দুটির রচয়িতা কারা?

জ) লালন ফকির ছাড়া দু'জন বিশিষ্ট বাউল সাধকের নাম লেখো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$

ক) 'একসময় বঙ্গদেশে বৌদ্ধধর্মের বিশেষ প্রভাব ছিল' — পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বিষয়টি আলোচনা করো।

খ) 'বাঙ্গালীর সংস্কৃতির অনেকটা মহাপুরুষ শ্রীচৈতন্যদেবকেই আশ্রয় করিয়া পুষ্টি লাভ করে।' — ব্যাখ্যা করো।

গ) ভারতচন্দ্রের কাব্যের প্রভাব ফয়জুল্লাহ সাহেবের 'রূপজালাল' কাব্যে কতখানি পড়েছে তা লেখো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ১০ = ১০$

ক) বঙ্গের দ্বীশিক্ষার সূত্রপাত কীভাবে হল তা শিবনাথ শাস্ত্রী অনুসরণে সংক্ষেপে আলোচনা করো।

খ) 'ভাষা না হইলে nation বা জাতি হয় না; ভাষা সম্বন্ধে সচেতন না হইলে জাতীয়তাবোধও আসে না।' — সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের এই মত কতখানি গ্রহণযোগ্য তা লেখো।

গ) 'মিশ্র ভাষারীতির কাব্য মঙ্গল কাব্য ও লোকগীতির মতো সর্বজনীন হতে পারে নি' — ব্যাখ্যা করো।
